মুজিবনগরে মাসুদ অরুণের গণসংযোগ ও লিফলেট বিতরণ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর বাজারে গণসংযোগ ও বিএনপির ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেছে জেলা বিএনপি।

শনিবার বিকেলে দারিয়াপুর বাজারে কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণের নেতৃত্বে এই গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক শহীদুল্লাহ, বিএনপি নেতা নাসির মেম্বার, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসানাত আফরোজ, জেলা যুবদলের সহসভাপতি বাবু সাবের, যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর সুজন, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ইসমাইল হোসেন, পৌর যুবদলের সদস্য সচিব নওশেদ আহমেদ রনি, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহীসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাহী সভাপতির দায়িত্ব পেলেন নাজমুল হক

বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির নির্বাহী সভাপতি (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পেয়েছেন নাজমুল হক।

তিনি বর্তমানে মেহেরপুর জেলা কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন

করছেন। এর আগে তিনি সমিতির কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ছিলেন।

কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে, অবসরজনিত ও মৃত্যুজনিত কারণে কয়েকটি পদ শূন্য হওয়ায় সংগঠনের সাংগঠনিক কার্যক্রমকে আরও গতিশীল করতে সংগঠকদের গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব প্রদান করা হয়েছে।

সংগঠনের সভাপতি ওয়েছ আহমদ চৌধুরী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, নাজমুল হকের সাংগঠনিক দক্ষতা ও কার্যক্রমের ভিত্তিতে গত ২৫ অক্টোবর উপস্থিত সদস্যদের মতামতের ভিত্তিতে তাকে নির্বাহী সভাপতি (ভারপ্রাপ্ত) পদে দায়িত্ব প্রদান করা হয়েছে।

মুজিবনগরে ৫৪তম জাতীয় সমবায় দিবস উদযাপন

“সাম্য ও সমতায়, দেশ গড়বে সমবায়” এই স্লোগান সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন, র্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণের মধ্য দিয়ে পালিত হয়েছে ৫৪তম জাতীয় সমবায় দিবস।

দিবসটি উদযাপন উপলক্ষে আজ শনিবার সকাল ১০টায় উপজেলা পরিষদ চত্বরে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির উদযাপনের শুভ সূচনা করা হয়।

পরে, উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে শেষ হয়। পরে পরিষদ মিলনায়তনে সমবায় দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান, গুডনেইবারর্স

বাংলাদেশ এর মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমা, সুপ্রতিবেশীর মহিলার সমবায় সমিতির সভাপতি রেহেনা খাতুন, গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, মোনাখালী অনির্বাণ সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর সভাপতি আমজাদ হোসেন, এবং বিআরডিবি চেয়ারম্যান মুন্সি টিটো।

এছাড়াও অনুষ্ঠানে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক, উপজেলার বিভিন্ন সমবায় সমিতির কর্মকর্তা-কর্মচারী এবং সমবায়ীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটিতে মেহেরপুর জেলার সমবায় সমিতির প্রথম স্থান অধিকার করা মুজিবনগর উপজেলার সুপ্রতিবেশী মহিলা সমবায় সমিতি ও গোপালনগর সমবায় ব্যবসায়ী সমিতি নামে দুটি প্রতিষ্ঠানকে, এছাড়াও সমবায়ে বিশেষ অবদানের জন্য গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাককে পুরস্কৃত করা হয়।

গাংনীতে নরমাল ডেলিভারিতে জন্ম নেওয়া নবজাতক পেল উপহার

মেহেরপুরের গাংনী উপজেলার সাহাবাটি গ্রামের তরিকুল ইসলাম ও শারমিন আক্তার দম্পতির তৃতীয় ছেলে সন্তান জন্ম গ্রহণ করেছে নরমাল ডেলিভারিতে।

তাদেরকে শুভেচ্ছা উপহার দিতে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসেছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম।

শনিবার (০১ই নভেম্বর) বেলা সাড়ে বারোটার দিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নরমাল ডেলিভারিতে সন্তান জন্ম নেয়া ওই দম্পতির হাতে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম নবজাতকের জন্ম নিবন্ধন কার্ড ও শুভেচ্ছা উপহার তুলে দেন। এসময় আরো উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা আব্দুল আজিজ সহ অনেকেই।
গতকাল শুক্রবার (৩১ অক্টোবর) রাতে গাংনী উপজেলা স্বাস্থ্য

কমপ্লেক্সে তরিকুল ইসলাম ও শারমিন আক্তার দম্পতির এই ছেলে সন্তানটি জন্ম নেয়। নবজাতকের নাম রাখা হয়েছে শামিম আহমেদ। জেলা প্রশাসকের উপহার পেয়ে নবজাতকের পিতা-মাতা আনন্দিত। তারা বলেন, ইতিপূর্বেও তাদের দুটি ছেলে সন্তান রয়েছে তারাও নরমাল ডেলিভারির মাধ্যমে জন্ম নিয়েছিল।

মেহেরপুর জেলা প্রশাসক শুভেচ্ছা উপহার বিতরণ শেষে বলেন, আমাদের মায়েদের যে ন্যাচারাল উপায়ে সন্তান প্রসবের অর্থাৎ নরমাল ডেলিভারি যেটিকে বলা হয় সেটিতে আমরা সকলকে উৎসাহিত করার জন্য যেখানে নরমাল ডেলিভারিতে বাচ্চা হবে সেখানে আমরা উপহার নিয়ে যাব। আমি দায়িত্ব গ্রহণের পর থেকে এই উদ্যোগটি নিয়েছি। উপহারের সাথে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় যেটি থাকছে সেটি হচ্ছে ওই বাচ্চার জন্ম নিবন্ধন এর কার্ডটি তাৎক্ষণিক উপহারের সাথে তুলে দেওয়া হচ্ছে।

মেহেরপুরে ৫৪তম জাতীয় সমবায় দিবস পালিত

“সাম্য ও সততায়, দেশ গড়বে সমবায়” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে ৫৪তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

শনিবার (১ নভেম্বর) সকালে জেলা প্রশাসন ও জেলা সমবায় কার্যালয়ের আয়োজনে দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, পতাকা উত্তেজনা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা মডেল মসজিদের প্রাঙ্গণে এসে শেষ হয়। পরে জেলা মডেল মসজিদের কনফারেন্স রুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আবদুল ছালাম। জেলা সমবায় অফিসার এনামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

তরিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম এবং ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক সিরাজুম মনির।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা সমবায় ব্যাংক লিমিটেডের সভাপতি হাফিজুর রহমান হাফি, জাতীয় মৎস্যজীবী প্রতিনিধি বীর মুক্তিযোদ্ধা গুরুদাস হালদার, ফেমাস সমবায় সমিতির সভাপতি আব্দুল জব্বার এবং জ্যোতি মহিলা সমবায় সমিতি লিমিটেডের পরিচালক উম্মে হানি চায়না প্রমুখ।

আলোচনা সভায় বক্তারা বলেন, সমবায় আন্দোলনের মাধ্যমে গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করে সমাজে সাম্য ও ন্যায় প্রতিষ্ঠা করা সম্ভব। এজন্য সবাইকে সততা ও সহযোগিতার ভিত্তিতে সমবায় কার্যক্রমে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান তারা।

গাংনীতে ৫৪তম জাতীয় সমবায় দিবস পালিত

সারা দেশের মতো মেহেরপুরের গাংনীতেও বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে পালিত হয়েছে ৫৪তম জাতীয় সমবায় দিবস ২০২৫।

আজ শনিবার (১ নভেম্বর) সকালে উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে একটি র্যালি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা চত্বরে এসে শেষ হয়।

পরে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আনোয়ার হোসেন। সভায় সভাপতিত্ব করেন উপজেলা সমবায় কর্মকর্তা আবুল হোসেন।

আলোচনা সভায় বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা কমান্ডার শামসুল আলম সোনা, আবদাল হক, আবুল কাসেম এবং সিনিয়র সাংবাদিক আমিরুল আলম প্রমুখ।

বক্তারা বলেন, সমবায়ের মাধ্যমে জনগণের আর্থসামাজিক উন্নয়ন ও

দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা সম্ভব। সরকারের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে সমবায় আন্দোলন আজ একটি নির্ভরযোগ্য শক্তি হিসেবে কাজ করছে। সমবায় আন্দোলন গ্রামীণ অর্থনীতির ভিত্তি মজবুত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সমবায়ের মাধ্যমে উৎপাদন, সঞ্চয় ও বিনিয়োগের ধারাবাহিকতা বজায় রাখা হচ্ছে।

অনুষ্ঠানে বিভিন্ন সমবায় সমিতির কর্মকর্তা, সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

সরবরাহ বাড়ায় দাম অর্ধেকে

মেহেরপুরের বাজারে বাড়তে শুরু করেছে শীতকালীন সবজির সরবরাহ। এতে দাম নেমেছে অর্ধেকে।

দামে এই নিম্নমুখী হওয়ায় ভয়ে রয়েছেন সবজি চাষিরা। চাষিরা বলছেন, বাজার স্বাভাবিক না হলে লাভের মুখ দেখতে পাবেন না কোনো সবজি চাষি।

মেহেরপুর বড়বাজারের সাথেই কাঁচাবাজারের আড়ত। সকাল থেকেই অন্যান্য সবজির পাশাপাশি শীতকালীন সবজি নিয়ে কাঁচাবাজারের আড়তে আসেন কৃষকরা। প্রতিদিন এভাবেই কাঁচামাল আমদানি ও বিক্রি হয় এই আড়তে।

গতকাল শুক্রবার মেহেরপুর প্রতিদিনের সাপ্তাহিক অনুসন্ধানের অংশ হিসেবে বাজার ঘুরে দেখা যায়, ফুলকপি, পাতাকপি, শিম, বরবটি, মুলাসহ বিভিন্ন ধরনের সবজি বাজারে এসেছে। গত সপ্তাহের তুলনায় এ সপ্তাহে প্রায় দ্বিগুণ পরিমাণে শীতকালীন সবজি বাজারে এসেছে। এতে কমতে শুরু করেছে দামও।

গত সপ্তাহে পালং শাক কেজি প্রতি ৮০ টাকায় বিক্রি হলেও চলতি এ সপ্তাহে তা ৪০ টাকায় নেমে এসেছে। শিম ১০০ টাকা থেকে কমে ৪০ টাকা, ফুলকপি ১০০ টাকা থেকে কমে ৫০ টাকা ও বরবটি ৬০ টাকা থেকে কমে ৩০ টাকায় বিক্রি হচ্ছে। এছাড়া মুলা ১৫ টাকা, মিষ্টি কুমড়া ২০ টাকা,

ধনিয়া পাতা ২০ টাকা, ঢ্যাঁড়স ৩০ টাকা, ওলকপি এবং বাঁধাকপি ৩৫ টাকা করে বিক্রি হচ্ছে।

অন্যদিকে আলু, কচু, লাল শাক সহ অন্যান্য সবজির দাম ২০,২০,৪০ অপরিবর্তিত রয়েছে। কাঁচা মরিচ, পেঁয়াজ, রসুন, আদাও বিক্রি হচ্ছে আগের দামেই। তবে শীতকালীন সবজির এই দাম নিম্নমুখী হওয়ায় লোকসানের আশঙ্কা করছেন কৃষকরা।

সবজি চাষী আজগর আলী বলেন, চলতি মৌসুমে সার ও বালাই নাশকের দাম বেশি হওয়ায় উৎপাদন খরচও বেড়ে গেছে। এছাড়া আবহাওয়াজনিত কারণে ফসলের উৎপাদন কম হওয়ায় দাম না পেলে অনেক ক্ষতিগ্রস্থ হবো।

আরেক সবজি চাষী রাজ্জাক হোসেন বলেন, অনেক খরচ করে ফুলকপি চাষ করেছি। ফুলকপি যত্ন করে, ঠিকমতো পরিচর্যা করে বিক্রি করতে এসে দাম না পেলে অনেক ক্ষতিগ্রস্থ হবো।

অপরদিকে শীত বাড়ার সঙ্গে সঙ্গে শীতকালীন সবজির আমদানি আরও বাড়বে বলে জানিয়েছেন আড়ত মালিকরা।

গাংনীতে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া মাহফিল

মেহেরপুরের গাংনীতে বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত সুস্থতা ও রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সন্ধ্যায় গাংনী উপজেলা বিএনপির কার্যালয়ে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা ও পৌর বিএনপির আয়োজনে অনুষ্ঠিত দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আলফাজউদ্দীন কালু, সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল, পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা,

সাধারণ সম্পাদক সাইদুর ইসলাম, যুবদল, স্বেচ্ছাসেবক দল, ছাত্রদলসহ বিএনপির বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

এ সময় নেতাকর্মীরা একসঙ্গে হাত তুলে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় মোনাজাতে অংশ নেন।

মেহেরপুরের কুলবাড়িয়াতে মাসুদ অরুনের গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়াতে গণসংযোগ করেছেন মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। এসময় তিনি বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৩১ দফা সম্বলিত লিফেলেট বিতরণ করেন।

ধানের শীষে ভোট চেয়ে অ্যাড. কামরুল হাসানের গণসংযোগ

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত রাষ্ট্রকাঠামো মেরামতের ৩১ দফা বাস্তবায়ন ও ধানের শীষে ভোট প্রার্থনার লক্ষ্যে শুক্রবার সকালে মেহেরপুর বড়বাজারে গণসংযোগ ও লিফলেট বিতরণ করেন জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান।

এ সময় জেলা বিএনপি’র সিনিয়র নেতৃবৃন্দসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এদিকে শুক্রবার বিকালে আমদহ ইউনিয়নের ৯টি ওয়ার্ডের নেতাকর্মীদের নিয়ে আলোচনা শেষে ৩নম্বর ওয়ার্ড বিএনপি’র অফিস উদ্বোধন করেন

মেহেরপুর জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান।